

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ১২

আরবি মূল আয়াত:

بَلْ عَجِبْتَ وَيَسْخَرُونَ ﴿١٢﴾

অনুবাদসমূহ:

বরং তুমি বিস্মিত হচ্ছ আর ওরা বিদ্রূপ করছে। — আল-বায়ান

(আল্লাহর শক্তি-ক্ষমতা-মহিমা দেখে) তুমি কর বিস্ময়বোধ, আর তারা করে বিদ্রূপ। — তাইসিরুল

তুমিতো বিস্ময় বোধ করছ, আর তারা করছে বিদ্রূপ। — মুজিবুর রহমান

But you wonder, while they mock, — Sahih International

১২. আপনি তো বিস্ময় বোধ করছেন, আর তারা করছে বিদ্রূপ। (১)

(১) কাতাদাহ বলেন, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশ্চর্য হচ্ছিলেন যে, এ কুরআন তাকে দেয়া হয়েছে, অথচ পথভ্রষ্টরা এটাকে নিয়ে উপহাস করছে। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১২) তুমি তো বিস্ময়বোধ করছ, আর ওরা করছে বিদ্রূপ। [১]

[১] অর্থাৎ, তুমি তাদের পরকাল অস্বীকার করার কথা শুনে বিস্মিত হচ্ছ এই ভেবে যে, তার সংঘটন সম্ভব বরং সুনিশ্চিত হওয়ার ব্যাপারে এমন সুস্পষ্ট প্রমাণাদি থাকা সত্ত্বেও তারা তা স্বীকার ও বিশ্বাস করছে না; বরং উল্টা তারা তোমার মুখে কিয়ামত ঘটাবার কথা শুনে বিদ্রূপ করে বলে যে, তা কিভাবে সম্ভব?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3800>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন